

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা জজ এর কার্যালয়, রাজশাহী
(প্রশাসন শাখা)

rajshahi.judiciary.gov.bd

নং-১১৬/২৫-জি,

তারিখ: ০৭ আশ্বিন ১৪৩২
২২ সেপ্টেম্বর ২০২৫

অফিস আদেশ

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, আইন ও বিচার বিভাগ, বিচার শাখা-৪ এর ১৬ সেপ্টেম্বর, ২০২৫খ্রিস্টাব্দ তারিখের এস.আর.ও. নং ৩৬৯-আইন/২০২৫ মূলে রাজশাহী জেলায় ০৫(পাঁচ)টি পারিবারিক আদালত প্রতিষ্ঠাপূর্বক সরকারী আদেশ জারী করা হয়েছে। উপরিউক্ত এস.আর.ও. মোতাবেক রাজশাহী জেলায় নব-প্রতিষ্ঠিত ০৫(পাঁচ)টি পারিবারিক আদালতসমূহে অদ্য ২২/০৯/২০২৫খ্রিঃ তারিখ হতে বিচারিক ও প্রশাসনিক কার্যক্রম শুরু হবে। পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত নিম্নলিখিত ছকের ২নং কলামে বর্ণিত নব-প্রতিষ্ঠিত পারিবারিক আদালত এর বিচারিক ও প্রশাসনিক কার্যক্রম অতিরিক্ত সদর সিনিয়র সহকারী জজ আদালত এর বিদ্যমান এজলাস ও সেরেস্তায় ৩নং কলামে বর্ণিত অতিরিক্ত সদর সিনিয়র সহকারী জজ আদালত এর বিচারক নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে দায়িত্ব পালন করবেন।

অদ্য ২২/০৯/২০২৫খ্রিঃ তারিখ হতে বিদ্যমান সংশ্লিষ্ট সিনিয়র সহকারী জজ আদালত ও সহকারী জজ আদালতসমূহ এ বিচারার্থীন সকল প্রকার পারিবারিক মোকদ্দমা নব-প্রতিষ্ঠিত নিম্নলিখিত ছকের ২নং কলামে বর্ণিত সংশ্লিষ্ট পারিবারিক আদালতসমূহ এ বিচার ও নিষ্পত্তির লক্ষ্যে বদলী হবে এবং সংশ্লিষ্ট পারিবারিক আদালতসমূহের নতুন কোর্ট ডায়েরী ও কজলিস্টে বিচারার্থীন মামলা অন্তর্ভুক্তিকরণ ও ফলাফল অগ্রগামী নিশ্চিত করতে হবে।


ক্রমিক নং	নব-প্রতিষ্ঠিত আদালতসমূহ	দায়িত্বপ্রাপ্ত আদালত/বিচারক
(১)	(২)	(৩)
১।	পারিবারিক আদালত-১ (রাজশাহী সদর ও মেট্রোপলিটন এলাকা)	অতিরিক্ত সদর সিনিয়র সহকারী জজ আদালত, রাজশাহী।
২।	পারিবারিক আদালত-২ (তানোর ও গোদাগাড়ী)	ঐ
৩।	পারিবারিক আদালত-৩ (বাগমারা ও মোহনপুর)	ঐ
৪।	পারিবারিক আদালত-৪ (পুঠিয়া, দুর্গাপুর ও পবা)	ঐ
৫।	পারিবারিক আদালত-৫ (বাঘা ও চরঘাট)	ঐ

পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত উল্লিখিত ছকের ৩নং কলামে বর্ণিত সংশ্লিষ্ট আদালতের বেঞ্চ সহকারী নব-প্রতিষ্ঠিত ২নং কলামে বর্ণিত পারিবারিক আদালতসমূহের বেঞ্চ সহকারী হিসেবে এবং একই আদালতের সেরেস্তা সহকারী ভারপ্রাপ্ত সেরেস্তাদার হিসেবে নিজ নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে দায়িত্ব পালন করবেন।

সংশ্লিষ্ট বিচারিক কর্মকর্তা বিধি মোতাবেক দায়িত্বভাড়া প্রাপ্ত হবেন।

জনস্বার্থে এই আদেশ জারী করা হলো।

সংশ্লিষ্ট সকলকে অবগত করানো হোক।


(এ, এইচ, এম, মাহমুদুর রহমান)
সিনিয়র জেলা জজ
রাজশাহী।

সার্ভিস আইডি-১৯৯৮১১৮১২৫

ই-মেইল: districtjudgecourt.rajshahi@gmail.com

স্মারক নং- ৬৫৪/২৫-(১০)/জি,


তারিখ : ০৭ আশ্বিন ১৪৩২
২২ সেপ্টেম্বর ২০২৫

অনুলিপি জ্ঞাতার্থে প্রেরণ করা হলো:

- ০১। মাননীয় সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। মাননীয় রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

- ০৩। ভারপ্রাপ্ত জজ, নেজারত বিভাগ/নকল বিভাগ/হিসাব বিভাগ/লাইব্রেরী/মহাফেজ খানা, জেলা জজ আদালত, রাজশাহী।
- ০৪। সিনিয়র সহকারী জজ, সদর/অতিরিক্ত সদর/পবা/গোদাগাড়ী আদালত, রাজশাহী,
- ০৫। সহকারী জজ, বাগমারা/চারঘাট/তানোর/বাঘা/মোহনপুর/দুর্গাপুর/পুঠিয়া আদালত, রাজশাহী
- ০৬। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-১, রাজশাহী।
- ০৭। বিভাগীয় হিসাব রক্ষণ কর্মকর্তা, রাজশাহী।
- ০৮। সভাপতি/সাধারণ সম্পাদক, জেলা আইনজীবী সমিতি, রাজশাহী।
- ০৯। কোর্ট পুলিশ পরিদর্শক, রাজশাহী।
- ১০। নোটিস বোর্ড (সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য)।
- ১১। অফিস কপি।


(এ, এইচ, এম, মাহমুদুর রহমান)
সিনিয়র জেলা জজ
রাজশাহী।